

বিজ্ঞপ্তি নং- ২০০

তারিখ: ১০.০৬.২০১৭ ইং

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনাজপুর-এর বিজ্ঞপ্তি আনুযায়ী অত্র কলেজের একাদশ শ্রেণিতে ভর্তির জন্য মনোনিত শিক্ষার্থীদের আগামী ২০.০৬.২০১৭ ইং তারিখ হতে ২২.০৬.২০১৭ ইং তারিখের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রতিদিন সকাল ১০:০০টা থেকে বিকাল ২:০০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলবে। উক্ত সময়ের মধ্যে মূল কাগজপত্র জমা দিয়ে ভর্তির জন্য মনোনিত শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে বোর্ড কর্তৃক প্রদত্ত পরবর্তী মেধাতালিকা হতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। ভর্তি সম্পর্কিত সকল তথ্য কলেজের Web site এ প্রকাশ করা হবে।

১।(ক) নির্বাচিত ছাত্রীদের কলেজ ক্যাম্পাসে অবস্থিত জনতা ব্যাংকের বুথে টাকা জমাদান পূর্বক সামাজিক বিজ্ঞান ভবন (অর্থনীতি বিভাগ) হতে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

(খ) ফরম পূরণ করে নিম্নলিখিত স্থানে জমা দিতে হবে।

বিজ্ঞান শাখা	→	সমাজকর্ম বিভাগ সামাজিক বিজ্ঞান ভবন ২য় তলা
মানবিক শাখা	→	অর্থনীতি বিভাগ সামাজিক বিজ্ঞান ভবন নিচ তলা
ব্যবসায় শিক্ষা শাখা	→	অর্থনীতি বিভাগ সামাজিক বিজ্ঞান ভবন নিচ তলা

২। নির্বাচিত ছাত্রীদের ভর্তির সময় নিম্ন বর্ণিত কাগজপত্র ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে :

ক) এস.এস.সি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বর পত্রের মূল কপি ও ২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি।

খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে এস.এস.সি/দাখিল/সমমান পরীক্ষা পাসের প্রশংসা পত্রের মূল কপি ও ২(দুই) কপি সত্যায়িত ফটোকপি।

গ) ৫ (পাঁচ) কপি পাসপোর্ট সাইজ ও ৪ (চার) কপি স্ট্যাম্প সাইজের (সত্যায়িত ছাড়া)ছবি এবং শিক্ষার্থীর নাম ছবির পিছনে লিখতে হবে।।


ঘ) পাঠ বিরতি সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।


ঙ) বদলির ক্ষেত্রে বোর্ড মাইগ্রেশন সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।


চ) মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিতদের মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটো কপি ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

ছ) উপরোক্ত কাগজসমূহ ১২' X ১০' সাইজের খামের মধ্যে জমা দিতে হবে। খামের উপরে ডান পার্শ্বে ঠিকানা সহ নিজ নাম, শ্রেণি, শাখা, এস.এস.সির রোল, বোর্ডের নাম, শিক্ষাবর্ষ ও মোবাইল ফোন নম্বর দিতে হবে।

৩। ভর্তিকৃত ছাত্রীদের ক্লাশ শুরু তারিখ ০১/০৭/২০১৭ ইং


অধ্যক্ষ ২০-০৬-১৭
দিনাজপুর সরকারি মহিলা কলেজ
দিনাজপুর।


উপাধ্যক্ষ
দিনাজপুর সরকারি মহিলা কলেজ
দিনাজপুর।


১০.০৬.১৭
সহকারী
উচ্চ মাধ্যমিক ভর্তি কমিটি/২০১৭
দিনাজপুর সরকারি মহিলা কলেজ
দিনাজপুর।